

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৯৩.২১.১৯১

বিষয়: সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর, পঞ্চগড় এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির ০৪ (চার) টি টায়ার ক্রয়ের জন্য বরাদ্দ ছাড়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ।

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় এর স্মারক নং- ৩১.৫৫.৭৭০০.০১৭.৫৫.০১২.২৩-৩০৭ তারিখ: ১৬-০৩-২০২৫ খ্রি।

২। উপজেলা ভূমি অফিস, পঞ্চগড় সদর, পঞ্চগড় এর স্মারক নং-৩১.৪৭.৭৭৭৩.০০০.০৯.০০১.১৮-১৫৬, তারিখ: ১৯-০১-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর, পঞ্চগড় এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ (গাড়ি নং-পঞ্চগড়-৮-১১-০০১৫) গাড়ির ০৪ (চার)টি টায়ার ক্রয় বাবদ ৯৬,০০০/- (ছিয়ানব্বই হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, চলতি ২০২৪-২৫ অর্থবছরে গাড়িটির বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ উক্ত উপজেলার অনুকূলে “৩২৫৮১০১- মোটরযান” কোডে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গাড়িটি ২৯-০৮-২০১৮ তারিখে ভূমি মন্ত্রণালয় হতে সরবরাহ করা হয়েছে। গত ২০২৩-২৪ অর্থবছরে গাড়িটির ০৪ টি ইনজেক্টর ক্রয় বাবদ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে মর্মে সূত্রোক্ত ০২ নং স্মারকে উল্লেখ করা হয়েছে।

বর্ণিতাবস্থায়, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাব মোতাবেক সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর, পঞ্চগড় এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির ০৪ টি টায়ার ক্রয় বাবদ বর্তমানে চাহিত ৯৬,০০০/- (ছিয়ানব্বই হাজার) এবং চলতি অর্থবছরে গাড়িটির বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ইতঃপূর্বে বরাদ্দকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, সর্বমোট ১,২৬,০০০/- (এক লক্ষ ছাব্বিশ হাজার) টাকা বরাদ্দের প্রশাসনিক অনুমোদন প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ২৪ (চব্বিশ) ফর্দ।

সকল সংযুক্তিসমূহ:

(১) ২৪ (চব্বিশ) ফর্দ।

০৩-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার

০২৪১০১০৪৫৫

alrc4@lrb.gov.bd

সিনিয়র সচিব

ভূমি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৯৩.২১.১৯১/১ (৬)

তারিখ: ২০ জ্যেষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর, পঞ্চগড়।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



০৩-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার